

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
উন্নয়ন অনুবিভাগ

নং-৫৯.০০.০০০০.১২৮.৯৯.০০২.২১-০২

তারিখঃ ০১.০১.২০২৩ খ্রিঃ।

বিষয়ঃ বরিশাল জেলার উজিরপুর জেলাধীন গুটিয়া ইউনিয়ন ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র সরজমিনে পরিদর্শন প্রতিবেদন।

সূত্রঃ উন্নয়ন অনুবিভাগের স্মারক নং-৫৯.০০.০০০০.১২৮.৯৯.০০১.২১-১২২, তারিখঃ ২২/১২/২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে গত ২৭/১২/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় বরিশাল জেলার উজিরপুর উপজেলার গুটিয়া ইউনিয়ন সদ্য নির্মিত ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রটি সরজমিনে পরিদর্শন করি। পরিদর্শনকালে বরিশাল পরিবার পরিকল্পনা বিভাগের পরিচালক জনাব এম, ডি আব্দুস ছালাম, নির্বাহী প্রকৌশলী, সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ হারুনুর রশীদ, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং অন্যান্য কর্মকর্তা কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। বরিশাল জেলার স্বাস্থ্য প্রকৌশল বিভাগের তথ্য হতে জানা যায় ২০১৮ সালে ৪,৭৯,৯৭,৪৫৫/- টাকা ব্যয়ে এই কেন্দ্রের নির্মাণ কাজ শুরু হয় এবং প্রকল্পের কাজ শেষে গত ০৮/০৪/২০২১ ইং তারিখে ৩ তলা ডরমেটরীসহ কল্যাণ কেন্দ্রটি হস্তান্তর করা হয়। গুটিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের উত্তর পার্শ্ব সংলগ্ন জায়গায় এই প্রকল্পের জন্য জায়গা নির্বাচন করা হয়েছিল।

বর্তমান অবস্থা ও চলমান কার্যক্রমঃ

কেন্দ্রটির কাজ সমাপ্তির পর হতে একজন এম,বি,বি,এস সহকারী সার্জন স্বাস্থ্য সেবা বিভাগ হতে ডেপুটিশনে পদায়ন করা হয়েছে। তিনি ৪২ তম বি,সি,এস এর মাধ্যমে স্বাস্থ্য ক্যাডারে নিয়োগ লাভ করেন। কেন্দ্রটিতে ১ জন গাইনী, ১ জন এনেস্থেসিস্ট, ৪ জন পরিবার কল্যাণ পরিদর্শিকা, ১ জন অফিস সহকারী, ১ জন নিরাপত্তা কর্মী, ১ জন পরিচ্ছন্নতা কর্মী, ১ জন সহকারী নার্স/দাই নার্স এর পদ সৃজন হচ্ছে কিন্তু অদ্যাবধি কোন জনবল পদায়ন করা হয়নি। পার্শ্ববর্তী পরিবার কল্যাণ কেন্দ্রের একজন ভিজিটরকে পদায়ন করে রোগীদের সেবা হচ্ছে। পরিচ্ছন্ন কর্মীর অভাবে ফ্লোর ও আশপাশের এলাকা ঘাস, অগাছায় পরিপূর্ণ হয়ে আছে। ডরমেরীর ভবনের বসবাসের লোক না থাকায় দীর্ঘদিন তালাবদ্ধ করে রাখা হয়েছে। পরিদর্শনকালে জানা যায় পার্শ্ববর্তী গুটিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার সমরেশ ইন্দু হালদার, এফ, ডব্লিউ, ডি কাজল আক্তার, আয়া মুক্তারুন্নাহার, নিরাপত্তাপ্রহরী মোঃ এনামুল হক, মিডওয়াইফ সায়লা আক্তার কর্মরত আছেন এবং তারা এই ১০ শয্যার মা ও শিশু কল্যাণ সেবা দিয়ে থাকেন। একজন এফ, পি, আই পলাশ মালাধরকে এ কেন্দ্রের জন্য নতুনভাবে অতিরিক্ত দায়িত্ব দেয়া হয়েছে। ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রটিতে পর্যাপ্ত সরঞ্জাম ও ঔষধ রয়েছে, নভেম্বর, ২০২২ মাসে ৫টি এবং চলমান ডিসেম্বর মাসে ৩ টি ডেলিভারী সম্পন্ন করা হয়েছে। গুটিয়া ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রের অধীনে ৬ টি এফ, ডব্লিউ, এ এর পদ রয়েছে কিন্তু মাত্র ৪ জন এফ, ডব্লিউ এ কর্মরত এবং ২ টি পদ শূণ্য রয়েছে।


সমস্যা:

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের পার্শ্বে একই ক্যাম্পাসে নতুনভাবে দশ শয্যার মা ও শিশু কল্যাণ কেন্দ্রের নির্মাণের লক্ষ্যে জায়গা নির্বাচন করা সঠিক ছিল না। এ দুটি কেন্দ্রে একই ধরনের সেবা প্রদান করা হবে ফলে ভিন্ন জায়গায় কেন্দ্রটির স্থান নির্বাচন করা প্রয়োজন ছিল। মাত্র একজন ডাক্তার এবং একজন পরিবার কল্যাণ ভিজিটর দিয়ে ডেলিভারী ও অন্যান্য রোগীদের সেবা প্রদান করা সম্ভব হচ্ছে না। দীর্ঘ প্রায় তিন বছর যাবৎ নতুনভাবে নির্মিত কেন্দ্রটিতে উপযুক্ত জনবল না থাকায় মা ও শিশুদের স্বাস্থ্য বিষয়ক সকল সেবামূলক কার্যক্রম বন্ধ ছিল। সম্প্রতিক পার্শ্ববর্তী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদেরকে এ নতুন কেন্দ্রে সাময়িকভাবে সেবা প্রদান করা হচ্ছে। কেন্দ্রটি প্রতিমাসে বিদ্যুৎ বিল পরিশোধ করা হয় মর্মে জানা যায়। একটি জেনারেটর সরবরাহ করা হয়েছে তবে তা চালু

করা হয় না। সরবরাহকৃত বেড ও অন্যান্য যন্ত্রপাতি অব্যবহৃত থাকার কারণে ধুলা ময়লা পরে তা নষ্ট হয়ে যাচ্ছে। বাথরুমে কয়েকটি লাইট অকেজো এবং বাথরুম অপরিষ্কার অপরিচ্ছন্ন।

সুপারিশঃ

গুটিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ভবনটি অনেক পুরনো। এর পার্শ্বে একই ক্যাম্পাসে ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণ করায় ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটি বন্ধ করে ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র পূর্ণাঙ্গ জনবল নিয়োগ করে চালু করার সুপারিশ করা হলো। মহোদয়ের সদয় অগ্রগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র প্রতিবেদন দাখিল করা হলো।



০১/০১/২০২২

এ. কে. এম. নূরুন্নবী কবির

অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ)

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

ফোন-৫৫১০০৮২২

সচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।